
সংবাদ

তারিখ 26 JAN 2013
পৃষ্ঠা ৬ কলাম ৬

# প্রত্যন্ত অঞ্চলগুলোতে কম্পিউটার শিক্ষার বিস্তার এখন সময়ের দাবি



তথ্য প্রযুক্তি শিক্ষাকে রাজধানী শহর কিংবা বিভাগীয় শহরগুলোর মধ্যে সীমাবদ্ধ রেখে সামগ্রিক উন্নতি আশা করা যায় না। দেশের জেলা শহরগুলোতো বটেই প্রত্যন্ত অঞ্চলগুলোতে কম্পিউটার শিক্ষার ব্যাপক বিস্তার এখন সময়ের দাবি।

বুধবার নীলফামারী জেলা পরিষদ মার্কেট মিলনায়তনে যুক্তরাজ্যভিত্তিক কম্পিউটার শিক্ষপ্রতিষ্ঠান নিউরাল সিস্টেমস লিমিটেডের কাউন্সিলিং অফিস নীল কম্পিউটারের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা এ কথা বলেন।

নীল কম্পিউটারের প্রধান মোফাখ্খারুল হোসেন মামুনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নিউরাল সিস্টেমস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ মাহমুদ জুবায়ের। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নীলফামারী চেম্বার অফ কমার্সের সভাপতি সোহেল পারভেজ। অনুষ্ঠানে সম্মানিত অতিথি ছিলেন সরকারি মহিলা কলেজ নীলফামারীর উপ-অধ্যক্ষ প্রহলাদ চন্দ্র।

শুরুতে বক্তব্য রাখেন বিশেষ অতিথি সোহেল পারভেজ। তিনি বলেন, কম্পিউটার শিক্ষা আমাদের দৈনন্দিন জীবনে ব্যাপক পরিবর্তন আনতে পারে নানাভাবে।

অনুষ্ঠানে প্রধান অতিথি নিউরালের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ মাহমুদ জুবায়ের তার সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, কম্পিউটার শিক্ষাকে আমরা সার্বিক সাক্ষরতা আন্দোলনের পর্যায়ে নিয়ে যেতে চাই। আমরা চাই প্রত্যন্ত অঞ্চলের বর্তমান প্রজন্ম কম্পিউটার তথা তথ্য-প্রযুক্তি শিক্ষায় দক্ষতা অর্জন করুক, কাজে লাগাক আগামী সম্ভাবনাকে, আয় করুক বৈদেশিক মুদ্রা। প্রধান অতিথি ফিতা কেটে কাউন্সিলিং অফিসের উদ্বোধন করেন। সংবাদ বিজ্ঞপ্তি।